

নমুনা প্রশ্ন নির্মাণ ক্ষেত্রে নির্দিষ্ট দক্ষতা নং 2 মূল্যায়ন পরীক্ষা  
(সিভিল ইঞ্জিনিয়ারিং (পূর্তকর্ম) এর ক্ষেত্রে ব্যবহারিক দক্ষতা)

প্রশ্ন 1

নিচের কোনটি টানেল নির্মাণের পাইপ-জ্যাকিং টানেলিং পদ্ধতিতে ব্যবহৃত "জ্যাকিং প্ল্যাটফর্ম" সম্পর্কে বর্ণনা করে?

1. পাইপ-জ্যাকিং পদ্ধতিতে ব্যবহৃত একটি টিউব
2. জ্যাকিং পাইপকে নির্দিষ্ট উচ্চতা ও দিকে নির্দেশ বা চালিত করার জন্য স্ট্যান্ড
3. মূল জ্যাকের প্রতিক্রিয়া বলকে পিছনের মাটিতে সমানভাবে প্রেরণ করার বস্তু।
4. খনন যন্ত্রকে ধাক্কা দিয়ে, বের করে আনার প্ল্যাটফর্ম।

উত্তর : 2

নমুনা প্রশ্ন নির্মাণ ক্ষেত্রে নির্দিষ্ট দক্ষতা নং 2 মূল্যায়ন পরীক্ষা  
(সিভিল ইঞ্জিনিয়ারিং (পূর্তকর্ম) এর ক্ষেত্রে ব্যবহারিক দক্ষতা)

প্রশ্ন 2

সামুদ্রিক সিভিল ইঞ্জিনিয়ারিং সম্পর্কিত নির্মাণ কাজের ক্ষেত্রে, নির্মাণ সাইটের চারপাশে স্থাপন করে, নির্মাণ কাজের সাথে সংশ্লিষ্ট নয় এমন অন্য জাহাজকে নির্মাণ সাইটের অবস্থান সম্পর্কে অবহিত করার সরঞ্জামকে কি বলা হয়।

1. বয়া
2. নোঙ্গর
3. সোনার
4. লেড



উত্তর : 1

নমুনা প্রশ্ন নির্মাণ ক্ষেত্রে নির্দিষ্ট দক্ষতা নং 2 মূল্যায়ন পরীক্ষা  
(সিভিল ইঞ্জিনিয়ারিং (পূর্তকর্ম) এর ক্ষেত্রে ব্যবহারিক দক্ষতা)

প্রশ্ন 3

নিচের কোনটি বাঁধার তার ব্যবহারের উদ্দেশ্য সম্পর্কে বর্ণনা করে?

1. রিবারের (স্টিল রিইনফোর্সিং রড) দৈর্ঘ্য পরিমাপ করা
2. রিবার (স্টিল রিইনফোর্সিং রড) একসাথে বেঁধে রাখা
3. রিবারের ওজন পরিমাপ করা
4. রিবারের রাসায়নিক গঠন পরীক্ষা করে দেখা

উত্তর : 2

নমুনা প্রশ্ন নির্মাণ ক্ষেত্রে নির্দিষ্ট দক্ষতা নং 2 মূল্যায়ন পরীক্ষা  
(সিভিল ইঞ্জিনিয়ারিং (পূর্তকর্ম) এর ক্ষেত্রে ব্যবহারিক দক্ষতা)

প্রশ্ন 4

পাকা রাস্তা চারটি স্তর দিয়ে গঠিত হলেও নিচের কোনটি চারটি স্তরের মধ্যে অন্তর্ভুক্ত নয়?

1. অ্যাসফল্ট পৃষ্ঠের স্তর
2. রোড বেড
3. সাবগ্রেড লেয়ার (স্তর)
4. পানি ধারণ করা স্তর

উত্তর : 4

নমুনা প্রশ্ন নির্মাণ ক্ষেত্রে নির্দিষ্ট দক্ষতা নং 2 মূল্যায়ন পরীক্ষা  
(সিভিল ইঞ্জিনিয়ারিং (পূর্তকর্ম) এর ক্ষেত্রে ব্যবহারিক দক্ষতা)

প্রশ্ন 5

নিচের বাক্যের ( ) পূরণ করা শব্দটি নির্বাচন করুন।

( ) এর নির্মাণ কাজটি, মাটির স্তরের কাছাকাছি অবস্থিত ভূগর্ভস্থ পানির স্তরকে হ্রাস করে, শক্ত ভিত্তির ভূমি তৈরি করার জন্য পরিচালনা করা হয়।

1. কূপ খনন
2. পানি রোধ করা
3. ওয়েল পয়েন্ট
4. মেরিন সিভিল ইঞ্জিনিয়ারিং

উত্তর : 3

নমুনা প্রশ্ন নির্মাণ ক্ষেত্রে নির্দিষ্ট দক্ষতা নং 2 মূল্যায়ন পরীক্ষা  
(সিভিল ইঞ্জিনিয়ারিং (পূর্তকর্ম) এর ক্ষেত্রে ব্যবহারিক দক্ষতা)

প্রশ্ন 6

ঢাল সুরক্ষার নির্মাণ কাজ সম্পর্কিত, ভুল উত্তরটি নির্বাচন করুন।

1. নিচ থেকে মটার (চুন,বালি ও পানির মিশ্র) স্প্রে করা হয়
2. স্প্রে করা পৃষ্ঠটি মাটি ও বালি হলে, স্প্রের চাপের কারণে মাটি ও বালি ছড়িয়ে না পড়ার জন্য সতর্কতা অবলম্বন করা হয়
3. যদি স্প্রে করা পৃষ্ঠটি শিলাস্তর হলে প্রথমে আলাগা পাথর, কাঁদা এবং আবর্জনা অপসারণ করা হয়
4. রৌদ্রোজ্জ্বল দিনে, দিনের মাঝামাঝি সময় এড়িয়ে, সকালে এবং সন্ধ্যায় স্থাপিত ঘাসে পানি দেওয়া হয়

উত্তর : 1

নমুনা প্রশ্ন নির্মাণ ক্ষেত্রে নির্দিষ্ট দক্ষতা নং 2 মূল্যায়ন পরীক্ষা  
(সিভিল ইঞ্জিনিয়ারিং (পূর্তকর্ম) এর ক্ষেত্রে ব্যবহারিক দক্ষতা)

প্রশ্ন 7

হিটস্ট্রোক প্রতিরোধের ব্যবস্থা হিসাবে সঠিক উত্তরটি নির্বাচন করুন।

1. কাজের আগে এবং পরে তরল এবং লবণ গ্রহণ সীমিত করা হয়
2. বাতাস চলাচলের উপযোগী কাজের পোশাক পরিধান করা হয়
3. শীতাতপ নিয়ন্ত্রিত বিশ্রামের জায়গা ব্যবহার করা হয় না
4. কাজ করার সময় অসুস্থ বোধ করলেও ধৈর্য ধারণ করা হয়

উত্তর : 2